

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ২. ৭. ৩. মোশির ঈশ্বর-নিন্দা বা কুফরী কথা

মোশি মিসরে যেয়ে ফেরাউনের নিকট বনি-ইসরাইলের মুক্তি দাবি করলে ফেরাউনের লোকেরা তাদের উপর অত্যাচার করে। বাইবেলের বর্ণনায় এতে মোশি বলেন: "হে মাবুদ, তুমি এই লোকদের প্রতি কেন অমঙ্গল করলে? আমাকে কেন পাঠালে? যখন থেকে আমি তোমার নামে কথা বলতে ফেরাউনের কাছে উপস্থিত হয়েছি, তখন থেকে তিনি এই লোকদের অমঙ্গল করছেন, আর তুমি তোমার লোকদের (প্রজাদের) উদ্ধার করার জন্য কিছুই করনি।" (হিজরত/ যাত্রা ৫/২২-২৩, মো.-১৩)

সম্মানিত পাঠক, এ সকল কথা কি স্পষ্ট কুফর বা ঈশ্বর নিন্দা নয়? কোনো বিশ্বাসী মানুষ কি এভাবে ঈশ্বরের বিরুদ্ধে ঢালাও অভিযোগ করতে পারেন? সম্ভবত ঈশ্বর নিন্দামূলক অভিযোগ অস্পষ্ট করতে কিতাবুল মোকাদ্দস-২০০৬: 'তুমি আপন প্রজাদের উদ্ধারে কিছুই কর নাই' (neither hast thou delivered thy people at all) কথাটাকে একটু ঘুরিয়ে প্রশ্নবোধক করেছে: "কই তুমি তোমার বান্দাদের রক্ষা করলে?"

Source — https://www.hadithbd.com/books/link/?id=14323

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন